কার্যালয়
কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড
নিউমুরিং, চট্টগ্রাম
www.navy.mil.bd
ফোনঃ ০২৩৩৩৩৮৪২৫০০-৩০ বর্ধিত ৬৭২৮
ই-মেইল ঃ csd@navy.mil.bd

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.০৬৩.২৪. ৬৫৬৮ — ১২ কার্তিক ১৪৩১ / ২৮ অক্টোবর ২০২৪

দরপত্র আহবানের বিজ্ঞপ্তি

সূত্রঃ

ক। নৌ সদর দপ্তর পত্র নং ২৩.০২.২৬২৬.১৬৭.১৪.০০৬.২৪.৪৫৮ তারিখ ০১ আগষ্ট ২০২৪ (সকলকে নয়)।

কাজের বর্ণনা ও শর্তাবলী

১। সিএনআরডি এর সার্বিক তত্ত্বাবধানে নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

a. **Work Description**. One in no SURVEILLANCE VTOL (PROTOTYPE) drone is to be made newly. To complete the project following items and electronic components are to be supplied:

Ser No	Item Name and Description	QTY	Remarks
	Electronic Items		
1	Auto Pilot with GPS	1 Set	
2	Air Speed Sensor	1 No	
3	Brushless DC Motor	4 No	
4	Electronic Speed Controller	4 No	
5	Propeller (Motor)	4 Set	
6	Lithium Battery 22000mAh	1 No	
7	Other accessories as required (UBEC, Servo, Receiver, Connector etc)	1 Lot	
	Engine Accessories		
8	4-Stroke Gasoline Engine	1 No	
9	Propeller	5 No	
10	Fuel Tube	1 Roll	
11	Fuel Filter	1 Set	
12	Other accessories as required (Vibration damper,Lube oil etc)	1 Lot	
	Body Making Accessories		
13	Epoxy Resin White	8 Kg	
14	Polestar Resin (Rosy)	10 Kg	
15	Acetone	17 Ltr	
16	Other accessories as required (Cobalt, Peroxide, Sanding Disk, Hinges etc)	1 Lot	
	Payload		
17	Camera with Accessories	1 Set	

b. **Work to be done**. A new SURVEILLANCE VTOL (PROTOTYPE) drone will be designed, manufactured and tested as necessary.

২। **কাজ সংক্রান্ত বিবরণ ও বিশেষ শর্তাবলী।** সিএনআরডি এর তত্ত্বাবধানে SURVEILLANCE VTOL (PROTOTYPE) ড্রোন তৈরি সংক্রান্ত গবেষণা ও তৈরিকরণ প্রকল্প বাস্তবায়ন কাজের জন্য শর্তাবলী নিম্নরূপঃ

ক। প্রয়োজন মোতাবেক আইটেম ও যন্ত্রাংশসমূহ OEM হতে সরবরাহ করতে হবে। উক্ত আইটেম/স্পেয়ার্সসমূহের তালিকা এবং OEM কর্তৃক Authentication সনদ প্রদান করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তা উল্লেখ করতে হবে। উক্ত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপ্রস্তাব দাখিল করবেন এবং এতদসংক্রান্ত ব্যয় সরবরাহকারী/মেরামতকারী প্রতিষ্ঠান বহন করবেন। উক্ত কাজে চাহিদা মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের সম্মতিক্রমে সিএনআরডি কর্তৃক মেরামত কাজ বিশেষ করে সংযোজন/প্রতিস্থাপন কার্যে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করার সুযোগ থাকবে।

খ। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/দিকনির্দেশ মোতাবেক হতে হবে। দরপ্রস্তাবের অতিরিক্ত কোন যন্ত্রাংশ প্রয়োজন হলে মেরামতকারী কর্তৃক নিজ খরচে প্রদান করে আইটেমের সচলতা নিশ্চয়তা বিধান করতে হবে। উক্ত কাজ সম্পন্নের জন্য

\\192.168.180.2\office\OUTSIDE AGENCY\CNRD TENDER-Vtol Prototype .doc

মেরামতকারীর নিজস্ব Work Shop এবং দক্ষ জনবল থাকতে হবে। অত্র সংস্থার পরিদর্শক টিম কর্তৃক মেরামতকারীর সক্ষমতা যাচাইয়ের ব্যবস্থা করতে হবে।

৩। **মেরামত সংক্রান্ত নির্দেশাবলী।** উক্ত কাজ নৌবাহিনীর চাহিদা/ বিনির্দেশ মোতাবেক হতে হবে। উক্ত কাজে আসল (Original), নতুন এবং উপযুক্ত যন্ত্রাংশ ব্যবহার করতে হবে।

৪। **তত্ত্বাবধায়ক শপ/ঘাঁটি/জাহাজ।** উক্ত কাজ সিএনআরডি এর তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৫। **জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা সরবরাহকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৬। **কার্য সম্পন্নের সময়সীমা।** কার্যাদেশ গ্রহণের ১৮০ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে।

৭। **ওয়ারেন্টি।** দরদাতাকে মেরামত কাজ শেষে সংশ্লিষ্ট সংস্থা/জাহাজ/ওয়ার্কশপ কর্তৃক গ্রহণযোগ্যতা/Acceptance প্রদানের পর হতে ০১ বছর ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন দরপত্রে উল্লেখিত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ সম্পাদন করতঃ উক্ত কাজের সচলতার টেস্ট/ ট্রায়াল সম্পাদন করবে।

৮। **বিলম্ব জরিমানা।** বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কর্তৃপক্ষ কার্যাদেশের মোট মূল্যের উপর প্রতি মাসে সর্বনিম্ন ১%-২% হারে এবং সকল বিলম্বের উপর সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তৃপক্ষ কর্তন করতে পারবে।

৯। **গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান।** গবেষণামূলক প্রজেক্ট হওয়ায় শতভাগ সফলতার ব্যাপারে নিশ্চয়তা প্রদান করা যায় না বিধায় কার্য সমাপনান্তে সিএনআরডি কর্তৃক গ্রহণযোগ্যতার সনদপত্র গ্রহণ করতঃ বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (চার সেট) সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/ এসএফসি (নৌ) চট্টগ্রাম কর্তৃক বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করতঃ মূল্য পরিশোধ করা হবে।

১০। বিএন ডকইয়ার্ড গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ০৫ নভেম্বর ২০২৪, ১২০০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।

১১। আগামী ০৫ নভেম্বর ২০২৪, ১২৩০ ঘটিকায় টেন্ডার বক্স খোলা হবে।

১২। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।

১৩। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট ও ট্যাক্স আলাদাভাবে উল্লেখ করতঃ দরপত্র দাখিল করবে।

১৪। দরপ্রস্তাব টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীলমোহর যুক্ত হতে হবে। অত্র সংস্থা কর্তৃক ধার্যকৃত সিডিউল মানি পরিশোধ সাপেক্ষে দর প্রস্তাব টেন্ডার বক্সে জমা প্রদান করতে হবে।

১৫। দরপত্র দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। সর্বনিম্ন দরদাতা নির্বাচিত হওয়ার পর কার্যাদেশ প্রদানের পূর্বে কাজে অপারগতা প্রকাশ করলে যথাযথ আইনানুগ ব্যবস্থা করা হবে।

১৬। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সমূহ বিদেশ হতে আমদানীর প্রয়োজন হলে ভ্যাট এবং ট্যাক্স ব্যতিত অধিনায়ক, নৌ ভান্ডার, চট্টগ্রাম অথবা ভারপ্রাপ্ত কর্মকর্তা নৌ উপ-ভান্ডার, ঢাকা (বাংলাদেশ নৌবাহিনী) কে কনসাইনি করে আমদানী করতে হবে।

১৭। উক্ত দরপত্রে তালিকা বহির্ভূত যোগ্য সরবরাহকারীগণ/স্থানীয় প্রস্তুতকারক প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে) দরপত্রাথে উদ্ধৃত মূল্যের ৫% (অনধিক ০১ লক্ষ টাকা) অর্থ জামানত হিসাবে পে-অর্ডারের মাধ্যমে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড বরাবর প্রদান করতঃ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। সর্বনিম্ন গ্রহণযোগ্য দরদাতার উদ্ধৃতমূল্যের পে-অর্ডারটি ওয়ারেন্টি সময়সীমা শেষ হওয়ার পর ফেরতযোগ্য বিবেচিত হবে।

১৭। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার প্ল্যানিং এন্ড এস্টিমেটিং ডিপার্টমেন্টের আউট সাইড এজেন্সি (মোবাঃ ০১৭৬৯-৭২৬৭৩৯) অথবা ফোরম্যান সিএনআরডি (মোবাঃ ০১৭৬৯৭২৬৯৫১) এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/গ্রহণ ও অন্য কোন প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করার পূর্ণ ক্ষমতা রাখে।

কাজী মোঃ রিদওয়ানুজ্জামান
লেঃ কমান্ডার বিএন
পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণঃ
অন্তঃ
কার্যঃ

ভারপ্রাপ্ত কর্মকর্তা
আইটি সেকশন, সিএসডি সংস্থা - ওয়েব সাইটে (www.csd.navy.mil.bd) প্রকাশের অনুরোধসহ

বহিঃ
কার্যঃ

প্রেসিডেন্ট টেন্ডার মূল্যায়ন কমিটি, সিএনআরডি

নেভিগেটিং অফিসার, বিএন ডকইয়ার্ড - নোটিশ বোর্ডে দরপত্রটি ঝুলানোর অনুরোধসহ

\\192.168.189.20\d\Ex\OUTSIDE AGENCY\CNRD TENDER-Vital Process.pt.docx